# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-I Examination, 2020

## BENGALI

## PAPER-I

Time Allotted: 1 Hour Full Marks: 25

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০

(ক) কল্লোলের বাংলা ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) বাংলা গদ্যচর্চার ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সম্পর্কে যা জান লেখো।

(গ) দীনবন্ধু মিত্রের নাটকগুলি সম্পর্কে আলোচনা করো।

(ঘ) রবীন্দ্রনাথের কবিসত্তার পরিচয় দাও।

(ঙ) বাংলা প্রবন্ধ সাহিত্যের ইতিহাসে বঙ্কিমচন্দ্রের অবদান সম্পর্কে আলোচনা করো।

(চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি প্রধান উপন্যাস অবলম্বনে তাঁর ঔপন্যাসিক প্রতিভার মূল্যায়ন করো।

২। যে-কোনো ***একটি*** বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লেখোঃ ৫×১ = ৫

চোখের বালি, ভারতী, সারদামঙ্গল, চরিত্রহীন, শর্মিষ্ঠা, বনলতা সেন, অগ্নিবীণা, বঙ্গদর্শন, নবান্ন।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-I Examination, 2020

## BENGALI

## PAPER-II

Time Allotted: 1 Hour | Full Marks: 25

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০

(ক) বৈষ্ণব পদাবলীতে 'গৌরাঙ্গ-বিষয়ক' ও 'গৌরচন্দ্রিকা' পদ বলতে কী বোঝানো হয় ? 'গৌরচন্দ্রিকা' পদের শ্রেষ্ঠ পদকর্তা কে ? তাঁর শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

(খ) 'চৈতন্য-পূর্ববতী' ও 'চৈতন্য-পরবর্তী' বৈষ্ণব পদাবলীর মূল পার্থক্যগুলি সংক্ষেপে উদাহরণসহ আলোচনা করো।

(গ) ভাবোল্লাস বলতে কী বোঝো ? এই ধরনের পদে বৈষ্ণবতত্ত্বের কোন্ বক্তব্য পরিস্ফুট হয় ? উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) বৈষ্ণব পদাবলীর প্রার্থনা বিষয়ক পদের পরিচয় দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবি-কৃতিত্ব আলোচনা করো।

(ঙ) " 'বঙ্গভাষা' সনেটটি মধুসূদনের আত্মসমালোচনারই ফসল।" — আলোচনা করো।

(চ) 'চতুর্দশপদী কবিতাবলী'র অন্তর্গত পৌরাণিক প্রসঙ্গযুক্ত কবিতা অবলম্বনে কবির পুরাণ-প্রীতির পরিচয় দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১= ৫

(ক) 'মাধব বহুত মিনতি করি তোয়' – কার লেখা ? কোন্ পর্যায়ের পদ ? কবি কি মিনতি জানিয়েছেন মাধবের কাছে ? ১+২+২

(খ) 'সই কেবা শুনাইল শ্যাম নাম' – কার লেখা কোন্ পর্যায়ের পদ ? 'শ্যাম নাম'-এর মাধুর্য পদটিতে কীভাবে প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে লেখো। ১+২+২

(গ) 'সতত, হে নদ, তুমি পড় মোর মনে।' – কোন্ নদের কথা বলা হয়েছে ? তার প্রতি কবির মনোভাবটি ব্যক্ত করো। ৫

(ঘ) 'চতুর্দশপদী কবিতাবলী'র যে কোনো একটি কবিতার গঠন সম্পর্কে আলোচনা করো। ৫

——×——

**UNIVERSITY OF NORTH BENGAL**

B.A. General Part-I Examination, 2020

## BENGALI

## PAPER-III

Time Allotted: 1 Hour | Full Marks: 25

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০

(ক) ‘হিমালয় ভ্রমণ’ প্রবন্ধে হিমালয়ের সৌন্দর্য প্রাবন্ধিককে যেভাবে মুগ্ধ করেছে তার বর্ণনা দাও।

(খ) ‘‘কোনো মায়ামন্ত্রবলে সেই সুদূর অতীত আবার ফিরে এলা নাকি ?’’ অতীত, বর্তমান ও ভবিষ্যতের গ্রন্থিরচনার কার্যকারণ এস. ওয়াজেদ আলির ‘ভারতবর্ষ’ রচনা অবলম্বনে আলোচনা করো।

(গ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে নারীর আত্ম-প্রতিষ্ঠার লড়াই কীভাবে ব্যক্ত হয়েছে, বুঝিয়ে দাও।

(ঙ) ‘সুভা’ গল্পের প্রকৃতিময়তা ও কাব্যধর্মিতার দিকটি আলোচনা করো।

(চ) ছোটোগল্প হিসেবে ‘কঙ্কাল’ গল্পটি সার্থক কিনা আলোচনা করো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১= ৫

(ক) ‘পোস্টমাস্টার’ গল্পে কোন্ গ্রামের কথা বলা হয়েছে ? পোস্টমাস্টারের সঙ্গে রতনের গড়ে ওঠা সম্পর্ক দু-চার কথায় ব্যক্ত করো। ২+৩

(খ) ‘ভবানী ঠাকুরের মনস্কামনা সিদ্ধ হইল।’ কীভাবে ভবানী ঠাকুরের মনস্কামনা সিদ্ধ হলো ? ৫

(গ) ‘‘মা আমি তোমাদের সন্তান’’ – কে, কোন্ প্রসঙ্গে কাদের একথা বলেছে ? ১+২+২

(ঘ) ‘তোমার দুটি পায়ে পড়ি, আমার জন্যে কাউকে কিছু ভাবতে হবে না।’ – উক্তিটি কার ? প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ২+৩

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-II Examination, 2020

## ELECTIVE BENGALI

## PAPER-IV

Time Allotted: 1 Hour | Full Marks: 25

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ

(ক) দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান) ছন্দ কাকে বলে ? এই ছন্দের অপর নামগুলি কী ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ বিবৃত করো। ১২

**অথবা**

(খ) উদাহরণ সহযোগে সংজ্ঞা দাওঃ ৪×৩ = ১২

মাত্রা, যতি, লয়

**অথবা**

(গ) ছন্দলিপি প্রস্তুত করোঃ (যে-কোনো ***তিনটি***) ৪×৩ = ১২

(অ) হেড অফিসের বড়বাবু লোকটি ভারী শান্ত
তার যে এমন মাথার ব্যামো কেউ কখন জানত ?

(আ) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর,
যা কিছু হারায় গিন্নি বলেন কেষ্টা বেটাই চোর।

(ই) মহাভারতের কথা অমৃত সমান
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

(ঈ) হৃদয়ক মৃগমদ গীমক হার
দেহক সরবস গেহক সার।

(উ) কল্পনা তুমি ক্লান্ত হয়েছো ঘন বহে দেখি শ্বাস,
বারোমাস খেটে লক্ষ কবির একঘেয়ে ফরমাস।

২।(ক) উপমা কাকে বলে ? উদাহরণসহ উপমার প্রতিটি শ্রেণির আলোচনা করো। ৩

**অথবা**

(খ) দৃষ্টান্তসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো ***একটি***) ৩×১ = ৩

ব্যতিরেক, উৎপ্রেক্ষা, অপহ্নুতি, যমক

**অথবা**

(গ) অলংকার নির্ণয় করোঃ (যে-কোনো ***একটি***) ৩×১ = ৩

(অ) দেখিবারে আঁখি-পাখি ধায়।

(আ) আনিয়াছে তব স্বামী বান্ধি নিজগুণে।

(ই) চলচপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ।

(ঈ) কী সুন্দর মালা আজি পরিয়াছ গলে প্রচেতঃ

(উ) নিদ্রায় আকুল রামা হন অচেতন।
চরণ-পঙ্কজ ভ্রমে ধায় অলিগণ॥

৩। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) গীতিকবিতা কাকে বলে ? ঊনবিংশ শতাব্দীর বাংলা গীতিকবিতার শ্রেণিবিভাগ করে যে-কোনো একটি শ্রেণির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) কমেডি কাকে বলে ? একটি কমেডিধর্মী নাটকের আলোচনা করে এই ধরনের নাটকের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

(গ) ছোটগল্প কাকে বলে ? একটি সার্থক বাংলা ছোটগল্পের আলোচনা করে, ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

(ঘ) আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝ ? উদাহরণসহ এই শ্রেণির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লেখো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-II Examination, 2020

## ELECTIVE BENGALI

## PAPER-V

Time Allotted: 1 Hour | Full Marks: 25

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*

১। নিম্নলিখিত যে-কোন ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১= ১৫

(ক) রবীন্দ্র-কাব্য ধারায় 'মানসী'র স্থান নিরূপণ করো।

(খ) 'সুরদাসের প্রার্থনা' কবিতাটির ভাববস্তু আলোচনা করো।

(গ) ট্র্যাজেডি নাটকের আদর্শে 'বিসর্জন'-এর মূল্যায়ন করো।

(ঘ) প্রথা ও হৃদয়বোধের দ্বন্দ্বে ক্ষতবিক্ষত রঘুপতিই 'বিসর্জন' নাটকের প্রধান চরিত্র। — আলোচনা করো।

(ঙ) 'বাংলার মুখ' কবিতাটির কাব্যসৌন্দর্য বিচার করো।

(চ) ''রূপসী বাংলা'' কাব্যগ্রন্থে 'বাংলাকে ছেড়ে যাবার গভীর বেদনা' এবং 'ফিরে আসার আনন্দধ্বনি' যুগপৎ প্রকাশিত হয়েছে কীভাবে, আলোচনা করে দেখাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) 'ভৈরবী গান'-কে কবি কুহক রাগিনী বলেছেন কেন ?

(খ) ''বেহুলাও একদিন গাঙুরের জলে ভেলা নিয়ে দেখেছিল।'' – বেহুলা কী দেখেছিল ? কখন দেখেছিল ?

(গ) 'বিসর্জন' নাটকটির রচনাকাল লেখো। এই নাটকে নাট্যকার কোন্ ঘটনাকে গুরুত্ব দিয়েছেন ?

(ঘ) 'আবার আসিব ফিরে' কবিতাটিতে 'হয়তো' কথাটির পৌনঃপুনিক ব্যবহারের কারণ নির্দেশ করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-II Examination, 2020

## ELECTIVE BENGALI

## PAPER-VI

Time Allotted: 1 Hour　　　　　　　　　　　　　　　　Full Marks: 25

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*

১। নিম্নলিখিত যে-কোন ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　　　১৫×১= ১৫

(ক) ‘দেনা-পাওনা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) ‘দেনা-পাওনা’ উপন্যাসের অপ্রধান চরিত্রগুলির উপযোগিতা আলোচনা করো।

(গ) ‘ফসিল’ কথাটির অর্থ কী ? গল্পটির ব্যঞ্জনাধর্মিতা বুঝিয়ে দাও।

(ঘ) ‘শুধু কেরানী’ গল্পে মধ্যবিত্ত জীবনের আশা ও আশাভঙ্গের কাহিনি শিল্পিত রূপ পেয়েছে — আলোচনা করো।

(ঙ) ‘তারিণী মাঝি’ গল্পে মানুষের চিরন্তন জৈব প্রবৃত্তির চিত্র কতটা সার্থকভাবে ফুটে উঠেছে তা বুঝিয়ে দাও।

(চ) ‘এক পো দুধ’ ছোটগল্পে মানুষের মনোগহনের যে রহস্য চিত্রিত হয়েছে তার পরিচয় দাও।

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　　　৫×২ = ১০

(ক) ‘‘প্রজারা ভয় পায় ভক্তিও করে।’’ – কার কথা বলা হয়েছে ? সংক্ষেপে তার পরিচয় দাও।

(খ) ‘দুঃশাসনীয়’ গল্পের বাস্তব প্রেক্ষাপট উল্লেখ করো।

(গ) ‘‘বুক ভরিয়া বাতাস টানিয়া লইয়া আকুলভাবে সে কামনা করিল, আলো ও মাটি।’’ – কার কথা বলা হয়েছে ? বিষয়টি ব্যাখ্যা করো।

(ঘ) ‘‘সেই ভালো! বলিয়া জীবানন্দ ষোড়শীর হাত ধরিয়া অগ্রসর হইল।’’ – প্রসঙ্গ উল্লেখ করে ‘সেই ভালো’র পরিচয় দাও।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-III Examination, 2020

## ELECTIVE BENGALI

## PAPER-VII

Time Allotted: 1 Hour 30 Minutes | Full Marks: 50

***The word limit mentioned below against each question to be strictly followed by the students:***
***1 mark-20 words / 5 marks-100 words / 10 marks-300 words / 15 marks-400 words.***

১। নিম্নলিখিত শব্দগুলির যে-কোনো ***পাঁচটির*** পরিভাষা লেখোঃ ১×৫ = ৫

Alliteration, Bibliography, Conflict, Dramatic monologue, Fairy Tale, Metaphor, Blank Verse, Anti-climax, Chorus, Limerick, Symbolic, Impressionism, One-act-play, Myth, Ode.

২। নিম্নে প্রদত্ত রচনাটির প্রুফ সংশোধন করোঃ ৫

**(পশ্চিমবঙ্গ বাঙালা আকাডেমির বানানবিধি অনুসারে)**

‘ছেলেটা’
ছেলেটার বয়ব হব বছর দশক,
পরের ঘরের মানুস।
যেমন আগাচা বেরে উঠে ভাঙা বেরারধারে
মালির যন্ত নাই,
আছে আলক বৃষ্টি
পোকা মাকড় ধুলো বালি
কখোন ছাগলে দেয় মুরিয়ে
কখনো মারিয়ে দেয় গরুর তে
মরতে চয় না, শক্ত হয়ে ওঠে
ডাটা হয় মোটা
পাতা হয় ছিকন সবুজ।

**(পাণ্ডুলিপি নীচে দেওয়া হল)**

ছেলেটার বয়স হবে বছর দশেক
পরের ঘরে মানুষ।
যেমন আগাছা বেড়ে ওঠে ভাঙ্গা বেড়ার ধারে–
মালীর যত্ন নেই,
আছে আলোক বাতাস বৃষ্টি,
পোকামাকড় ধুলো বালি,
কখনো ছাগলে দেয় মুড়িয়ে
কখনো মাড়িয়ে দেয় গরুতে
তবু মরতে চায় না, শক্ত হয়ে ওঠে,
ডাঁটা হয় মোটা,
পাতা হয় চিকন সবুজ।

৩। যে-কোনো ***একটি*** বিষয় অবলম্বন করে প্রবন্ধ রচনা করোঃ (অনধিক ৩০০ শব্দে) ১৫×১ = ১৫

(ক) সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা।

(খ) দ্বিশততম জন্ম বার্ষিকীর আলোকে বিদ্যাসাগর।

(গ) গল্পকার রবীন্দ্রনাথ।

(ঘ) শিক্ষার মাধ্যম রূপে মাতৃভাষার গুরুত্ব।

৪। উদাহরণসহ সংজ্ঞা দাওঃ (যে-কোনো ***একটি*** ) ৫×১ = ৫

স্বরলোপ, বিমিশ্রণ, জোড়কলম শব্দ, অপভাষা, তৎসম শব্দ।

৫। নিম্ন প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (I.P.A.) অথবা রোমান বর্ণমালা অনুসারে লিপ্যন্তর করোঃ ৫

ভাল বই হচ্ছে জ্ঞান এবং প্রজ্ঞার ভাণ্ডার। যার কাছে এর চাবি আছে সেই এই ভাণ্ডারে প্রবেশ করতে পারে। এই চাবিটি কী ? খুব সহজে তা হচ্ছে পড়বার ক্ষমতা। যে পড়তে জানে সে পৃথিবীর মহান চিন্তাবিদদের মহান চিন্তা ভাবনার বিষয়গুলি মনে সঞ্চয় করতে পারে। যে মানুষ কখনই বই খোলেনি তার মন একেবারে শূন্য থাকে।

৬। উত্তরবঙ্গে পর্যটন শিল্পের সম্ভাবনা বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো। ১০

**অথবা**

বর্তমানে জল সংকট বিষয়ে একজন পরিবেশবিদের সঙ্গে কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো। ১০

**অথবা**

তোমার ক্লাবের পাঠাগারে একজন গ্রন্থাগারিক নেওয়া হবে এই মর্মে একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো। ১০

**অথবা**

তোমার মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা উপলক্ষে ছাত্র / ছাত্রী সংসদের পক্ষ থেকে একটি আমন্ত্রণপত্রের খসড়া রচনা করো। ১০

৭। বঙ্গানুবাদ করোঃ ৫

As Indians we have to live in India and work for India. But we must not forget that we belong to the larger family of the world and the people living in other countries are after all our cousins. It would be such an excellent thing if all the people of the world were happy and contented, we have therefore to try to make the whole world a happier place to live in.

——×——